রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৪, ২০২০

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ ভাদ্র ১৪২৭/১৭ আগস্ট ২০২০

**নং ২৩.০০.০০০০.২৫০.১২.০০৮.১৪.১১০**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার নিম্নবর্ণিত ০৩ জন কর্মকর্তার চাকরি সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসারে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত তারিখ থেকে নির্দেশক্রমে চাকরিতে স্থায়ী করা হলো :

| ক্র. নং | নাম, ব্যক্তিগত নম্বর ও পদবি | বর্তমান পদে যোগদানের তারিখ | বর্তমান পদে স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১। | মোঃ রিপন মিয়া (২০৫২)<br>পার্সোনেল অফিসার | ১৫ ফেব্রুয়ারি ২০১৮ | ১৪ ফেব্রুয়ারি ২০২০ |
| ২। | আবু সালেহ মোঃ মামুন (২০৫৪)<br>সহকারী প্রকৌশলী | ১৪ ফেব্রুয়ারি ২০১৮ | ১৩ ফেব্রুয়ারি ২০২০ |
| ৩। | মোঃ হাসানুর রহমান (২০৬০)<br>সহকারী প্রকৌশলী | ১৮ ফেব্রুয়ারি ২০১৮ | ১৭ ফেব্রুয়ারি ২০২০ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুজজামান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৭/০৯ আগস্ট ২০২০

**নং ২৩.০০.০০০০.১৮০.১১.২১৯.২০১৮-১৫৬**—প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)-এর সাংগঠনিক কাঠামোভুক্ত নবম গ্রেডের সহকারী পরিচালকের ৭(সাত)টি শূন্য পদের বিপরীতে নবম গ্রেডের বেসামরিক কর্মচারীদের বিভাগীয় নিয়োগ বিষয়ক কমিটির সুপারিশক্রমে প্রচলিত সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২০০০—৫৩০৬০/- (নবম গ্রেড) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত ৭(সাত) জন-কে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | জ্যেষ্ঠতাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম এবং প্রার্থীর পিতা ও মাতার নাম | জেলা |
|---|---|---|---|---|
| ১ | ১ | ১১০১৩৩২ | এম এ আহাদ খন্দকার<br>পিতা-মৃত মোঃ মোয়াজ্জেম হোসেন খন্দকার<br>মাতা-আলেয়া বেগম | বরিশাল |

| ক্রমিক নং | জ্যেষ্ঠতাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম এবং প্রার্থীর পিতা ও মাতার নাম | জেলা |
|---|---|---|---|---|
| ২ | ২ | ১১০৪২৫১ | আব্দুল্লাহ্-হিল-আবিদ<br>পিতা-এম.এ. লতিফ<br>মাতা-রওশন আরা | জামালপুর |
| ৩ | ৩ | ১১০১৬৪০ | তারেক রহমান<br>পিতা-হাফিজুর রহমান<br>মাতা-কামরুন্নাহার | টাঙ্গাইল |
| ৪ | ৪ | ১১০২১৬৮ | তাসলিমা তাবাস্সুম<br>পিতা-মোঃ আব্দুল আউয়াল<br>মাতা-মাসুদা বেগম | ঢাকা |
| ৫ | ৫ | ১১০০৮৩৭ | মোঃ ফরমান আলী<br>পিতা-মোঃ ইকবাল<br>মাতা-জাহানারা বেগম | চট্টগ্রাম |
| ৬ | ৬ | ১১০৫০৭৫ | মোঃ মাজিদুল ইসলাম<br>পিতা-মৃত মোঃ তাহাজ্জত হোসেন সরকার<br>মাতা-মোছাঃ সাহিদা বেগম | সিরাজগঞ্জ |
| ৭ | ৭ | ১১০৬৮৬৯ | আসিফ ইসলাম মার্শাল<br>পিতা-মোঃ ইমদাদুল ইসলাম<br>মাতা-ফেরদৌসি খানম | যশোর |

**শর্তাসমূহ :**

(১) 'প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬'-এর ৬(১)(ক) বিধি অনুযায়ী উল্লিখিত নবম গ্রেডের কর্মচারীগণ চাকরিতে যোগদানের তারিখ থেকে ২(দুই) বছর শিক্ষানবিস হিসাবে কর্মরত থাকবেন;

(২) শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে উল্লিখিত নিয়োগ বিধিমালার ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে ও শিক্ষানবিসকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(৩) শিক্ষানবিসকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁদের চাকরির অবসান (Terminate) ঘটাতে পারবে;

(৪) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে নিয়োগ বাতিল করতে পারবে;

(৫) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে;

(৬) উল্লিখিত নবম গ্রেডের কর্মচারী/কর্মচারীগণ যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর/তাঁদের ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে বাধ্য থাকবেন;

(৭) আগামী ১৮ আগস্ট ২০২০ তারিখে অফিস সময়ে তাঁদেরকে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকায় যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৮) চাকরিতে যোগদানের জন্য তাঁরা কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(৯) এ আদেশ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)-এর সাংগঠনিক কাঠামোভুক্ত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নবম গ্রেডের সহকারী পরিচালক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ১ ভাদ্র ১৪২৭/১৬ আগস্ট ২০২০

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৮৬.১৯-১৬২**—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত অফিসারকে তাঁর পাশে বর্ণিত বিধি অনুযায়ী কর্তনসহ বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুল্‌স্ ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্‌স) ২৬১, আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৯ এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১, রুল-১৬ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে স্বেচ্ছায় (অকালীন) অবসর প্রদান করা হলো :

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ক্রমিক নং | আর্মি নম্বর, পদবি ও নাম | বিধি অনুযায়ী কর্তনের হার |
| ১ | বিএ-৭৫৪৫ মেজর মোঃ আসিফুল আলম ইঞ্জিনিয়ার্স | (ক) স্বেচ্ছায় (অকালীন) অবসর গ্রহণের কারণের কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১, রুল-১৬ অনুযায়ী তাঁর প্রাপ্য পেনশন থেকে ২৫% কর্তন হবে।<br>(খ) তিনি ৫ জুন ২০১৮ থেকে ৩১ মে ২০১৯ তারিখ পর্যন্ত বৈদেশিক মিশন (মালি) সম্পন্ন করার দ্বিতীয় বছরের মধ্যে স্বেচ্ছামূলক অবসরের আবেদন করায় কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১ এর রুল-৩ অনুযায়ী তাঁর পেনশন থেকে অতিরিক্ত ২০% কর্তনসহ সর্বমোট (২৫+২০%) = ৪৫% কর্তন করতে হবে।<br>(গ) তিনি ২৬ জানুয়ারি ২০১৪ থেকে ৯ জানুয়ারি ২০১৮ তারিখ পর্যন্ত সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই-১৬) কোর্স সম্পন্ন করেন। সেনাবাহিনীর চাকরি থেকে মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজী (এমআইএসটি)’তে ইঞ্জিনিয়ারিং কোর্স সম্পন্ন করার তৃতীয় বর্ষের মধ্যে স্বেচ্ছামূলক অবসরের আবেদন করায় সেনাসদর, জিএস শাখা, সামরিক প্রশিক্ষণ পরিদপ্তর পত্র নং ১৫৮০/আর/এমটি-৪, তারিখ ১২ আগস্ট ২০০২-এর অনুচ্ছেদ-৬ এর আলোকে ১,২৯,৭২০/- (এক লক্ষ ঊনত্রিশ হাজার সাতশত বিশ) টাকা সরকারি কোষাগারে জমা করতে হবে। |

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.১৫৭.১৬-১৬৪**—প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে নিয়োজিত সহকারী পরিচালক জনাব মোঃ সিরাজুল ইসলাম খান (পরিচিতি নম্বর ২০০)-এর এসএসসি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ০৯ সেপ্টেম্বর ১৯৬১ হওয়ায় আগামী ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে।

২। '১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা' অনুযায়ী সহকারী পরিচালক, জনাব মোঃ সিরাজুল ইসলাম খান ০২ বছর ০৩ মাস ১১ দিন গড় বেতনে ও ০৩ বছর ১১ দিন অর্ধগড় বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন। তাঁর প্রাপ্য অর্ধগড় বেতনের ছুটিকে গড় বেতনের ছুটিতে রূপান্তর করলে (০২ বছর ০৩ মাস ১১ দিন + ০১ বছর ০৬ মাস ৫-১/২ দিন) মোট ৩(তিন) বছর ৯(নয়) মাস ১৬-১/২(সাড়ে ষোলো) দিন গড় বেতনে তাঁর অনুকূলে অবসরোত্তর ছুটি প্রাপ্য রয়েছে।

৩। এ অবস্থায়, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ৪৩(১)(ক) অনুসারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে নিয়োজিত সহকারী পরিচালক জনাব মোঃ সিরাজুল ইসলাম খান (পরিচিতি নম্বর ২০০)-কে ০৮ সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে অবসর প্রদান করা হলো এবং ০৯ সেপ্টেম্বর ২০২০ থেকে ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত মোট ১(এক) বছর গড় বেতনে অবসরোত্তর ছুটি (PRL) মঞ্জুরসহ অনধিক ১৮(আঠারো) মাসের সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরি প্রদান করা হলো।

৪। তিনি প্রচলিত বিধি অনুযায়ী অবসর সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ : ৪ ভাদ্র ১৪২৭/১৯ আগস্ট ২০২০

**নং ২৩.০০.০০০০.১৮০.৫৯.০৮০.১৯-১৬৮**—সেনাবাহিনী সদর দপ্তরের পত্র নম্বর ২৩.০১.৯০১.০৩৭.০৩.০৯৭.২১.০৫.০৭.২০, তারিখ ৭ জুলাই ২০২০-এর প্রস্তাব অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর ৬১তম আর্মি ডেন্টাল কোর (এডিসি)-এর ডাইরেক্ট শর্ট সার্ভিস কমিশন (ডিএসএসসি) কর্মকর্তাদের ক্যাপ্টেন পদে কমিশন ও ব্যক্তিগত আর্মি নম্বর প্রদান এবং জ্যেষ্ঠতার পশ্চাৎ তারিখ প্রদানের বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২২ জুলাই ২০১৯ তারিখের ২৩.০০.০০০০.১৮০.৫৯.০৮০.১৯-৩২৯ সংখ্যক স্মারকমূলে জারিকৃত প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর-৮২, ৮৩, ৮৫, ৮৮ এবং ৯২-এ উল্লিখিত নিম্নবর্ণিত ৫(পাঁচ) জনের নামের বানান (৪ নম্বর কলামে বর্ণিত) নিম্নরূপভাবে (শুধুমাত্র নামের বানান) সংশোধন করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর এবং পদবি | পূর্বে প্রকাশিত নাম | সঠিক নাম |
| ৮২ | বিএসএস-১১৮১৩০ ক্যাপ্টেন | Md Wazed Ali, ADC<br>মোঃ ওয়াজেদ আলী | **Md.** Wazed Ali, ADC<br>মোঃ ওয়াজেদ আলী |
| ৮৩ | বিএসএস-১১৮১৩১ ক্যাপ্টেন | Md Sadman Sakib, ADC<br>মোঃ সাদমান সাকীব | **Md.** Sadman Sakib, ADC<br>মোঃ সাদমান সাকীব |
| ৮৫ | বিএসএস-১১৮১৩৩ ক্যাপ্টেন | Md Shafiqul Hasan Akanda, ADC<br>মোঃ শফিকুল হাসান আকন্দ | **Md.** Shafiqul Hasan Akanda, ADC<br>মোঃ শফিকুল হাসান আকন্দ |
| ৮৮ | বিএসএস-১১৮১৩৬ ক্যাপ্টেন | Md Rashed-Un-Nabi, ADC<br>মোঃ রাশেদ-উন-নবী | **Md.** Rashed-Un-Nabi, ADC<br>মোঃ রাশেদ-উন-নবী |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর এবং পদবি | পূর্বে প্রকাশিত নাম | সঠিক নাম |
| ৯২ | বিএসএস-১১৮১৪০ ক্যাপ্টেন | Md Morsalin Choudhury, ADC<br>মোঃ মোরছালিন চৌধুরী | **Md.** Morsalin Choudhury, ADC<br>মোঃ মোরছালিন চৌধুরী |

২। উল্লেখ্য, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২২ জুলাই ২০১৯ তারিখের ২৩.০০.০০০০.১৮০.৫৯.০৮০.১৯-৩২৯ সংখ্যক স্মারকমূলে জারিকৃত প্রজ্ঞাপনের ক্রমিক নং ৮২, ৮৩, ৮৫, ৮৮ এবং ৯২-এ অবস্থিত তাঁদের নামের বানান ব্যতীত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ যথারীতি বহাল থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৮ ভাদ্র ১৪২৭/২৩ আগস্ট ২০২০

**নং ২৩.০০.০০০০.১৮০.১১.০৪১.০২-১৬৯**—প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই)-এর সাংগঠনিক কাঠামোভুক্ত ধর্মীয় শিক্ষকের ১(এক)টি শূন্য পদে বিভাগীয় নিয়োগ বিষয়ক কমিটির সুপারিশক্রমে প্রচলিত সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জেএসআই-১/২০১৬ অনুসারে স্কেল-২, ১৪১২০—৩৩৯৭০/- টাকা বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত ১(এক) জন-কে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | রোল নম্বর | প্রার্থীর নাম এবং প্রার্থীর পিতা ও মাতার নাম | নিজ জেলা |
|---|---|---|---|
| ১ | ১২০০২২৬ | মু. দেলোয়ার হোসাইন<br>পিতা-মু. আব্দুল আউয়াল<br>মাতা-রাবিয়া খাতুন | কুমিল্লা |

**শর্তসমূহ :**

(১) চাকরিতে যোগদানের তারিখ থেকে ২(দুই) বছর শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন;

(২) শিক্ষানবিশিকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে প্রয়োজনীয় শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(৩) শিক্ষানবিশকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (Terminate) ঘটাতে পারবে;

(৪) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিশকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোনো সময়ে নিয়োগ বাতিল করতে পারবে;

(৫) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(৬) উল্লিখিত কর্মচারী যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে বাধ্য থাকবেন;

(৭) আগামী ০৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে অফিস সময়ে তাঁকে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকায় যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(৮) চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(৯) এ আদেশ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর সাংগঠনিক কাঠামোভুক্ত ধর্মীয় শিক্ষক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ : ৯ ভাদ্র ১৪২৭/২৪ আগস্ট ২০২০

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৮৮.১৯-১৭০**—প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ৩১ মে ২০২০ তারিখে জারিকৃত স্বাভাবিক অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.০৭৮.১৯-১০৫ এর ক্রমিক নম্বর ১১-এ অবস্থিত বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১০০৫৪৮ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রেজাউল করিম, এসইউপি, এমএস-এর অবসর সংক্রান্ত অংশটুকু বাতিলপূর্বক বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুসারে জনস্বার্থে তাঁর চাকরি ১৬ আগস্ট ২০২০ তারিখ (অপরাহ্ণ) থেকে ১৫ আগস্ট ২০২১ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১(এক) বছর বর্ধিত করা হলো।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৩১ মে ২০২০ তারিখের প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.০৭৮.১৯-১০৫-এ উল্লিখিত অন্যান্য কর্মকর্তার স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১০ ভাদ্র ১৪২৭/২৫ আগস্ট ২০২০

**নং ২৩.০০.০০০০.০৯০.৩৮.২০২০-১৯০**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত 'সহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এএমইও)' এর ০৩টি শূন্য পদে নিম্নবর্ণিত কর্মকর্তাদেরকে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর ২২,০০০—৫৩,০৬০/- টাকা বেতনক্রমে (৯ম গ্রেড) অস্থায়ী ভিত্তিতে কতিপয় শর্তে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রঃ নং | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম |
|---|---|---|
| (১) | জনাব মোঃ হারুন-উর-রশিদ<br>সাব-ডিভিশাল অফিসার (এসডিও) | সহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এএমইও) |
| (২) | জনাব মোঃ সফিকুল ইসলাম<br>সাব-ডিভিশাল অফিসার (এসডিও) | ঐ |
| (৩) | জনাব মোঃ আমানুল ইসলাম<br>সাব-ডিভিশাল অফিসার (এসডিও) | ঐ |

**শর্তাবলি :**

(ক) উক্ত কর্মকর্তাগণ যোগদানের তারিখ থেকে ০১ বছরের জন্য শিক্ষানবিশ থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশির মেয়াদ এরূপ বৃদ্ধি করতে পারবেন, যাতে বৃদ্ধির মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বছরের অধিক না হয়;

(খ) শিক্ষানবিশ থাকাকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদেরক পূর্ব পদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদ পূর্তি এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের (কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২০ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে চাকরি স্থায়ীকরণের বিষয়ে বিবেচনা করা হবে।

২। এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.০৯০.৩৮.২০২০-১৯১**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত 'হিসাবরক্ষণ কর্মকর্তা' এর ০১টি শূন্য পদে নিম্নবর্ণিত কর্মকর্তাকে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর ১৬,০০০—৩৮,৬৪০/- টাকা বেতনক্রমে (১০ম গ্রেডে) অস্থায়ী ভিত্তিতে কতিপয় শর্তে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রঃ নং | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম |
|---|---|---|
| (১) | জনাব মোহাম্মদ নাছার মিয়া<br>হিসাবরক্ষক | হিসাবরক্ষণ কর্মকর্তা |

**শর্তাবলি :**

(ক) উক্ত কর্মকর্তা যোগদানের তারিখ থেকে ০১ বছরের জন্য শিক্ষানবিশ থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশির মেয়াদ এরূপ বৃদ্ধি করতে পারবেন, যাতে বৃদ্ধির মেয়াদ সর্বসাকুল্যে ২(দুই) বছরের অধিক না হয়;

(খ) শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্ব পদে প্রত্যাবর্তন করাতে পারবেন;

(গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদ পূর্তি এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের (কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২০ এ বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে চাকরি স্থায়ীকরণের বিষয়ে বিবেচনা করা হবে।

২। এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাশেদা জামান**
যুগ্মসচিব।